দৈনিক ইনকিলাব

তারিখ ...31 OCT. 19..
পৃষ্ঠা... ২ ... কলাম...

080

# ঢাকা বোর্ডের এইচএসসি পরীক্ষার ফল ফাঁস

॥ স্টাফ রিপোর্টার ॥

ঢাকা বোর্ডের "নিচ্ছিদ্র গোপনীয়তা" ভেদ করে এবারের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল ফাঁস হয়ে গেছে।

২-এর পৃঃ দেখুন

## পরীক্ষার ফল ফাঁস

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষা মন্ত্রী শেখ শহীদুল ইসলাম গতকাল সকাল ১০টায় শিক্ষাভবনে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে দেশের ৪টি শিক্ষা বোর্ডের ফলাফল ঘোষণা করেন। এদিকে ৩১ অক্টোবরের ডেটলাইনে ছাপা একটি সাপ্তাহিকের গতকাল সকালে যে সংখ্যা বাজারে পাওয়া গেছে তাতে ঢাকা বোর্ডের ফলাফল ছাপানো হয়েছে।

ঢাকা বোর্ডের বিরুদ্ধে প্রশ্নপত্র ফাঁস, ফলাফল কারচুপি ইত্যাদি বিভিন্ন অভিযোগ অতীতে উঠেছে। তবে ফলাফল ফাঁসের ঘটনা এ-ই প্রথম। সাংবাদিকরা ফলাফলের অগ্রগতি বা ফল প্রকাশের সম্ভব তারিখ জানতে চাইলে বোর্ড কর্তৃপক্ষ এমনভাব দেখান যেন এ বিষয়ে চূড়ান্ত গোপনীয়তা পালন করা হচ্ছে। বোর্ডের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ উঠলেও প্রতিকারের কি ব্যবস্থা নেয়া হয়েছে, তা কোনদিন জানা যায়নি। অবস্থাদৃষ্টে মনে হচ্ছে, বোর্ডের একটি বিশেষ অপরাধী চক্র ক্রমাগত অপরাধের পরও কোন পদক্ষেপ না নেয়ায় 'অতি সাহসী' হয়ে উঠেছে। তাদের সাহস এতদূর পৌঁছেছে, যে, শিক্ষা মন্ত্রীর আনুষ্ঠানিক ঘোষণার আগেই ফলাফল প্রচারিত হয়ে যায়। ধারণা করা হচ্ছে যে, মোটা অংকের অর্থের বিনিময়ে এই চক্র এসব কাজে লিপ্ত।

ঢাকা বোর্ডের অধীনে গৃহীত কলা, বাণিজ্য, বিজ্ঞানসহ সব বিভাগের ফলাফলই ফাঁস হয়েছে। ফলাফলের পরিসংখ্যান ওই সাপ্তাহিকে মুদ্রিত হয়েছে। মুদ্রিত হয়েছে ফলাফলের বেশ কিছু অংশ। ঢাকা বোর্ডের এই ন্যক্কারজনক কর্মকাণ্ডের জন্য কে বা কারা দায়ী তাদের খুঁজে বের করা প্রয়োজন। প্রয়োজন তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের।